

## নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটে বিশ্ব স্বাস্থ্য সংস্থার কারিগরী সহায়তায় পরিচালিত “Hospital based Rotavirus surveillance in children <5 years of age and Intussusception Surveillance in children <2 years of age in Bangladesh (HBRIS)” প্রকল্পের অধীনে নিম্নবর্ণিত শূন্যপদে মৌখিক পরীক্ষার মাধ্যমে বিধি মোতাবেক চুক্তিভিত্তিক অস্থায়ীভাবে সরাসরি জনবল নিয়োগ করা হবে। আগ্রহী যোগ্যতাসম্পন্ন বাংলাদেশি নাগরিকগণের কাছে নিম্নোল্লিখিত শর্ত স্বাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নাম	পদের সংখ্যা	নিয়োগের ধরণ ও ব্যাপ্তিকাল	কর্মস্থল	বেতন	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
মাঠ সহকারী (Field Assistant)	০৭ (সাত)	চুক্তিভিত্তিক প্রাথমিকভাবে ২ মাস, পরবর্তীতে জুন ২০১৯ খ্রিঃ পর্যন্ত বৃদ্ধি করা যেতে পারে।	বাংলাদেশের বিভিন্ন বিভাগে/ জেলায় (রাজশাহী, রংপুর, বরিশাল, সিলেট, চট্টগ্রাম, যশোর, কিশোরগঞ্জ) অবস্থিত সেন্টিনেল হাসপাতালসমূহ	আলোচনা সাপেক্ষে	<ul style="list-style-type: none"><li>ডিগ্রী পাশ</li><li>মেডিকেল টেকনোলজি (ল্যাব.) বিষয়ে ডিপ্লোমাদারীগণ আবেদন করতে পারবেন।</li></ul>	<ul style="list-style-type: none"><li>সংশ্লিষ্ট বিষয়ে মাঠ পর্যায়ে কাজের ২ বছরের অভিজ্ঞতা।</li><li>সার্ভিলেন্স কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।</li></ul>

৯

## শর্তাবলী :

১. যোগ্যতা সম্পন্ন আগ্রহী প্রার্থীদেরকে ই-মেইল যোগে ([recruitment@iedcr.gov.bd](mailto:recruitment@iedcr.gov.bd)) অথবা সরাসরি আইইডিসিআর অফিসে (কক্ষ নং ২০৬) অফিস চলাকালীন সময়ে (সকাল ৯টা থেকে বিকাল ৫টা) খামের উপর পদের নাম উল্লেখপূর্বক পরিচালক, আইইডিসিআর বরাবর আবেদনপত্র জমা দিতে হবে। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার জন্য যোগাযোগ করা হবে। আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ: ৩০/৮/২০১৮ (বৃহস্পতিবার), বিকাল ৫টা।

আবেদনপত্র জমা দানের ঠিকানাঃ

পরিচালক

রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর)

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

ই-মেইল: [recruitment@iedcr.gov.bd](mailto:recruitment@iedcr.gov.bd)

২. প্রার্থীদেরকে নিম্নোল্লিখিত কাগজপত্র জমা দিতে হবেঃ

- ক) পরিচালক, আইইডিসিআর বরাবর আবেদনপত্র  
খ) জীবনবৃত্তান্ত  
গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ কপি সত্যায়িত ছবি  
ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি  
ঙ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি

৩. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।  
৪. কর্তৃপক্ষ পদের সংখ্যা যে কোন সময় বাড়াতে অথবা কমাতে পারেন।  
৫. ৩১-০৮-২০১৮ ইং তারিখে বয়স সর্বোচ্চ ৩৫ হতে হবে।  
৬. মাঠ সহকারী (Field Assistant) এর কার্যাবলি নিম্নরূপঃ

- ক) সার্ভিলেন্স সাইটের সমগ্র কার্যাবলীর সমন্বয় সাধন।  
খ) আইইডিসিআর ও সার্ভিলেন্স সাইটের মধ্যে সমন্বয় সাধন।  
গ) সার্ভিলেন্স সাইটের ডাক্তার, টেকনোলজিস্ট ও প্রতিষ্ঠান প্রধানের সাথে যোগাযোগ রক্ষা করা।  
ঘ) প্রটোকল অনুযায়ী সার্ভিলেন্স সাইট থেকে নমুনা সংগ্রহ করে আইইডিসিআর -এ পৌঁছানো।  
ঙ) পরিচালক আইইডিসিআর -এর নির্দেশনা অনুযায়ী অন্যান্য কার্যাবলী সম্পন্ন করা।



পরিচালক  
আইইডিসিআর  
মহাখালী, ঢাকা - ১২১২  
ফোন নং : ০২-৯৮৪২২৭০